# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENGINEER
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com


স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১-৮২৫; তারিখঃ ০৭/০৮/২০২২ খ্রিঃ।

## সভার নোটিশ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের **"সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষন কমিটি "** এর ২০২২-২৩ অর্থ-বছরের ১ম ত্রৈমাসিক বৈঠক আগামী ১১/০৮/২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষে (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭) অনুষ্ঠিত হবে। এতে সভাপতিত্ব করবেন উক্ত কমিটির আহ্বায়ক জনাব মোঃ ওয়াহিদ হোসেন ; অতিঃ প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। সঞ্চালনা করবেন কমিটির সদস্য-সচিব জনাব মোঃ আবুল বাশার ; তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

বিতরন তালিকায় বর্ণিত পদবিধারী কর্মকর্তাদের সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

**সভার আলোচ্যসূচিঃ**

০১. বাপাউবো'র ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি **(Citizen Charter)** হালনাগাদকরন।
০২. বাপাউবো'র ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি **(Citizen Charter)** সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম হালনাগাদকরন।
০৩. বিবিধ।

(স্বাক্ষর) ০৭/০৮/২২

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও আহ্বায়ক, উক্ত কমিটি।

**বিতরন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-**

১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য-সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষন কমিটি।
২. উপ-পরিচালক (প্রশাসন), কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষন কমিটি।
৩. পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১-৮২৫/১(৪); তারিখঃ ০৭/০৮/২০২২ খ্রিঃ।

**অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ**

০১. সচিব, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা ও বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত।
০২. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩. ব্যক্তিগত সহকারী ,অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
০৪. অফিস কপি/মাষ্টার কপি।

(স্বাক্ষর) ০৭/০৮/২২

(মোঃ মঈনুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENGINEER
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com


স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৮৩৪; তারিখঃ ১৪/০৮/২০২২ খ্রিঃ।

**বিগত ১১/০৮/২২ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত ২০২২-২৩ অর্থ বছরের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরনী।**

বিগত ১১/০৮/২২ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে ২০২২-২৩ অর্থ বছরের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ১ম ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির আহবায়ক জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। সভার উপস্থিতি তালিকা *সংযুক্তি-০১*। সভার শুরুতে সভাপতি মহোদয় বাপাউবো'র সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহের বিষয়ে আলোকপাত করেন এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন । সভার সর্বসম্মতিক্রমে বাপাউবো'র নাগরিক সনদে বর্ণিত ০৮ নং ও ০৯ নং নাগরিক সেবা হালনাগাদকরনের ব্যাপারে কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত হয়। অতঃপর কমিটির সদস্য সচিব, জনাব ড. মোঃ আবুল বাশার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) এর ০৮ নং ও ০৯ নং নাগরিক সেবা হালনাগাদকরণের ব্যাপারে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। উক্ত ০২টি সেবা প্রদানে নিয়োজিত দপ্তর হতে আগত প্রতিনিধি জনাব ডঃ আনোয়ার জাহিদ, পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর মহোদয় এ ব্যাপারে তাঁর মতামত পেশ করেন। উক্ত বক্তব্যের আলোকে কমিটির সকল সদস্য সেবা দুইটি হালনাগাদকরনের বিষয়ে একমত পোষন করেন। অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম হালনাগাদকরণের বিষয়টি উপস্থাপন করেন। কমিটির সকল সদস্য এই বিষয়ে একমত পোষন করেন। এছাড়া পূর্ববর্তী অর্থ বছরের বৈঠকসমূহের গৃহীত কার্যক্রমের অনুসরন ও অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়। বিগত সভাসমূহের গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে। উল্লিখিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে সকল সদস্যের সম্মতিক্রমে কমিটি নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করে।

গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। অত্র ২০২২-২৩ অর্থবছরে সিটিজেন চার্টারে উল্লিখিত ০৮ নং ও ০৯ নং নাগরিক সেবা হালনাগাদকরনের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত দপ্তরের সহিত আলোচনাপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

২। বাপাউবো'র ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম হালনাগাদকরণ করতে হবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৪/৮/২২

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও আহ্বায়ক, উক্ত কমিটি।

স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১-৮৩৪/১(৭);

তারিখঃ ১৪/০৮/২০২২ খ্রিঃ।

বিতরন (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য-সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং ও ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, ঢাকা।

০৩। পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)।

০৫। উপ-পরিচালক (প্রশাসন), কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

০৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

০৭। অফিস কপি/মাস্টার কপি।

১৪/০৮/22

(মোঃ মঈনুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

"সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ২০২২-২৩ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক সভা

তারিখঃ ১১ আগস্ট, ২০২২ ইং।

স্থানঃ অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষ (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭)

হাজিরা বিবরনী

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিঃ প্রধান প্রকৌঃ (কাঃদাঃ) | প্রধান প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন | [illegible] 11/8/22 |
| [illegible] | [illegible] অধিদপ্তর | [illegible] 11/08/22 |
| ড. আনোয়ার জাহিদ<br>পরিচালক | ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর | [illegible] ১১/৮/২০২২ |
| মোঃ [illegible]<br>SE | প্রকৌশল অধিদপ্তর [illegible] | ১১/৮/২২ [illegible] |
| [illegible] | [illegible] | [illegible] ১১/৮/২০২২ |
| মোঃ [illegible]<br>সহঃ পরিচালক (প্রঃ) | প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন | [illegible] 11/8/22 |
| | | |